## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

### সাপ্তাহিক সংবাদ-পত্র

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

**চক্রবর্ত্তী সাইকেল ষ্টোর**

সাইকেল, টায়ার, টিউব, হাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস্ বিক্রেতা ও মেরামতকারক। নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।
রঘুনাথগঞ্জ মেছুয়াবাজার (কদমতলা)

৪১শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৩রা কার্ত্তিক বুধবার ১৩৬১ ইংরাজী 20th Oct. 1954 { ২৩শ সংখ্যা




ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২.

C. P. SERVICE

**অগ্রগতির পথে নূতন পদক্ষেপ**

হিন্দুস্থান-তাহার যাত্রাপথে প্রতি বৎসর নূতন নূতন সাফল্য, শক্তি ও সমৃদ্ধির গৌরবে দ্রুত অগ্রসর হইয়া চলিয়াছে।

নূতন বীমা (১৯৫৩)

**১৮ কোটি ৮৯ লক্ষের উপর**

হিন্দুস্থানের উপর জনসাধারণের অবিচলিত আস্থার উজ্জ্বল নিদর্শন।

ভারতীয় জীবন বীমার ক্ষেত্রে

পূর্ব্ব বৎসর অপেক্ষা **২ কোটি ৪২ লক্ষ বৃদ্ধি**

সমসাময়িক তুলনায় সর্ব্বাধিক

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,

হিন্দুস্থান বিল্ডিংস, কলিকাতা—১৩

শাখা অফিস : ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৩রা কার্ত্তিক বুধবার সন ১৩৬১ সাল।

# শুভবাদ ও অশুভবাদ

—•—

পৃথিবীতে দুই মতবাদের লোক দেখা যায়। এক পক্ষের মত—আমাদের বাস্তব জগৎ সম্ভাবিত সকল প্রকার জগৎ হইতে শ্রেষ্ঠ; বিশ্বে চরমে অমঙ্গলের উপর মঙ্গলের প্রাধান্য বর্ত্তমান। এই প্রকার মতবাদকে ইংরাজীতে বলে—'অপ্‌টিমিজ্‌ম্‌'। এই মতবাদীদের বলে—'অপ্‌টিমিষ্ট'।

অন্য পক্ষের মত—এই জগৎ কেবল দুঃখে ভরা। যাকে লোক সুখ বলে, তারও মধ্যে পুঞ্জীভূত দুঃখ। এই মতের লোকেরা এইভাবে বিশ্ব-নিন্দা করে। এই মতবাদকে ইংরাজীতে বলে—"পেসিমিজ্‌ম্‌"। এই মতবাদীদের বলে বিশ্বনিন্দুক, ইংরাজীতে বলে—"পেসিমিষ্ট্‌"।

সাধারণ লোকের কোন মতামত নাই, তাঁহারা সুখ হলে আহ্লাদিত হন, আর দুঃখ হলে বিমর্ষ হন। আমরা একজন অপরিণত বয়স্ক অভিভাবকের দ্বারা লালিত পালিত হইয়াছি। তিনি সহজভাবে আমাদের বাল্যকালে শিখিয়ে দিয়েছেন—সুখ কেবল ব্রাহ্মণ-বাড়ীতে আসবে আর দুঃখ সব মেথর-বাড়ীতে যাবে, ডোমের বাড়ী যাবে, এটা যেন কেউ মনে না করে। শুভবাদীরও অশুভ হয়, আবার অশুভ-বাদীরও শুভ হয়। অশুভ কেহ চায় না, তবুও অশুভ আসবেই। আমাদের অভিভাবক বিশ্ব-নিন্দুক সম্প্রদায়ভুক্ত ছিলেন। তিনি অশুভ সহ্য করিবার একটা পন্থা শিখিয়ে দিয়েছিলেন। নীচের সংস্কৃত শ্লোকটি মুখস্থ করতে বলেছিলেন।

'উত্থায়োত্থায় বোধব্যং মহদ্ভয়মুপস্থিতং।
মরণ-ব্যাধি-শোকানাং কিমদ্য নিপতিষ্যতি॥"

নিদ্রাভঙ্গের পর উঠে উঠেই ভাববে—এই যে দিন এলো—আজ আমার মরণ, কিংবা ব্যাধি, কিংবা শোক হয়তো আসতে পারে। মরণ এলে সবই শেষ হয়ে যেতো। ব্যাধি এসেছে প্রত্যহ সকালে উঠে ভাবি বলে, এলেও খুব কাহিল করতে পারে না। শোক এসেছে "ন চ পুত্রসমঃ প্রিয়ঃ"। পুত্র-শোক না আসা নয়। রোজ সকালে এই অশুভেরও কথা ভাবি বলে, খুব অধীর বা সংজ্ঞাহীন হ'তে হয়নি।

গত সপ্তাহটি আমাদের বিশেষ পরিচিত কয়েক ব্যক্তির বিয়োগব্যথা বহন করে এনেছে।

(১) শ্রীমান্ নির্ম্মলেন্দু পাণ্ডে (১৮) রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্রীশরদিন্দু পাণ্ডে মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র। গত বৃহস্পতিবার সন্ধ্যার পর ফুটবল খেলা দেখিয়া শ্রীমান্‌কে অন্যান্য সমবয়স্ক তরুণ দলের সহিত গল্প করিতে করিতে আমাদের ছাপাখানার সামনে দিয়া বাড়ী ফিরিতে দেখিয়াছি। রাত্রে তাঁহার জ্বর হয়, পরদিন শুক্রবার বেলা দ্বিপ্রহরের পূর্ব্বেই পিতামাতা ও স্বজনগণের মায়া-বন্ধন ছিন্ন করিয়া শ্রীমান্ ইহধাম ত্যাগ করিয়া চলিয়া গেলেন। পিতামাতার বুকে এই অপ্রত্যা-শিত শেলের বেদনা এক ভুক্তভোগী ভিন্ন অন্যে কেহ অনুমান করিতে পারে না। খবরের কাগজের সমবেদনার মামুলী ভাষার প্রলেপ এক ফোঁটাও সান্ত্বনা এনে দিতে পারে না।

"কি যাতনা বিষে, বুঝিবে সে কিসে,
কভু আশীবিষে দংশেনি যারে ?"

এক পুত্র দু'দিন চিকিৎসার সময় দিয়া মহাপ্রয়াণ করিল। শ্মশানের খরচ দরকার সাড়ে তিন টাকা। আছে মাত্র ১৷৵০ আনা। শোকাশ্রু সংবরণ করিয়া বাকী পয়সার চেষ্টায় বাহির হইতে হইল। ডাক্তার-গণ অসহ্য বেদনার ব্যথা কমাইবার জন্য যেমন অন্য স্থানে 'ব্লিষ্টার' দিয়া ঘা করিয়া দেন। শোকের বেদনায় শ্মশান খরচার অভাব 'ব্লিষ্টারের' কাজ করিল।

অন্য একটি পুত্র ৬৪ দিন চিকিৎসার সময় দিয়া ৬৫ দিনের দিন গতাসু হইল। কতকগুলি সাহিত্যিক সমবেদনার উত্তরে শুনিলেন ছাপ্পান্ন কোটি গোল খাওয়া খেলোয়াড়ের সঙ্গে 'ম্যাচ' খেলে ৬৪ দিন 'ড্রন' চালিয়ে ৬৫ দিনের দিন গোল খেয়েছি। অর্থাৎ ৫৬ কোটি যদুবংশ ধ্বংস হলো যে যদুনাথ নারায়ণের, তার সঙ্গে খেলে হেরেছি।" স্বনামধন্য সুলেখক শ্রীমান্ অচিন্ত্যকুমার সেন তাঁহার কল্লোল যুগের পাতায় তার উল্লেখ করেছেন।

রোজ বাহাদুরী দিই অন্ধ মহারাজ ধৃতরাষ্ট্রকে। যিনি এক দিনে শত পুত্রশোক পেয়েও লোহার ভীম চূর্ণ করার বিক্রম দেখাতে পেরেছেন। শোকে অধৈর্য্য হওয়ার লাভ—শত্রুর আনন্দ বর্দ্ধন করা ছাড়া আর কিছুই নয়।

(২) গত শুক্রবার বৈকালে জঙ্গিপুর উচ্চ বিদ্যালয়ের দক্ষিণ-পূর্ব্বে অবস্থিত একটি বাটীতে ক্রন্দনের রোল শুনিয়া অনুসন্ধানে জানিলাম—ইংরাজী ১৮৯২ খৃষ্টাব্দে কিছুদিনের জন্য জঙ্গিপুর হাই স্কুলের অষ্টম শ্রেণীর শিক্ষক ছিলেন, এবং পরে জঙ্গিপুর মহকুমা ফৌজদারী আদালতের নকল-নবীশের কার্য্য করিয়াছিলেন স্বর্গত হলধর মৈত্র মহাশয়, তাঁহার সহধর্ম্মিণী নশ্বর দেহ পরিত্যাগ করিয়া কাম্য ধামের উদ্দেশে মহাযাত্রা করিলেন। কেবলমাত্র একটি সংবাদে সন্তুষ্ট হইলাম—একমাত্র পুত্র শ্রীমান্ দুর্গাচরণ মৈত্র কর্ম্মস্থান হইতে আসিয়া মাতৃদেবীর শেষকৃত্য সমাপন করিবার সৌভাগ্য পাইয়াছেন। মাতৃ-বিয়োগ-ব্যথা অসহনীয় হইলেও একমাত্র পুত্রের ভাগ্যহীনতা বাঞ্ছনীয়।

পিতুরপ্যধিকা মাতা গর্ভধারণ পোষণাৎ।
অতো হি ত্রিষুলোকেষু নাস্তি মাতৃসমো গুরুঃ॥

শ্রীমান্ দুর্গাচরণের মাতৃদেবীর "এ মরণ স্বরগ সমান!"

(৩) গত শনিবার অপরাহ্ণ ৪টা ৪০ মিনিটের সময় বাংলার জনপ্রিয় সাংবাদিক, ২০ বৎসরের অধিক কাল 'আনন্দবাজার' পত্রিকার সম্পাদক, স্বরাজ, সত্যযুগ প্রভৃতি দৈনিকের সম্পাদক, বিখ্যাত বাগ্মী, শ্রীসত্যেন্দ্রনাথ মজুমদার তাঁহার আরাধ্যা বঙ্গজননীর চরণে চিরবিদায় গ্রহণ করিয়া, সহকর্ম্মী ৺প্রফুল্লকুমার সরকার, ৺সুরেশচন্দ্র মজুমদার প্রমুখ বন্ধুগণ যে অমরধামে গমন করিয়াছেন, সেই ধামের পথে যাত্রা করিয়াছেন। ভারতের সমস্ত কাগজেই তাঁহার মহাপ্রয়াণ ও বিরহ সংবাদ প্রচারিত হই-য়াছে। আমরা গত ৩৩ বৎসর হইতে তাঁহার সহিত আত্মীয়ভাবেই পরিচিত। তাঁহার বিয়োগ-ব্যথা আমাদেরও কম ব্যথিত করে নাই। তবুও তাঁহার মত নির্ভীক, অযাচক, সংবাদপত্র জগতের

# মরি বাঁচি "কম্পালসারি ওপ্‌নিং ডে"তে জইন করা!

**দুনিয়া হতো কত মজেদার!**

মনের মত চাকরী হতো,
চাকরী যদি স্বাধীন হতো,
পাঁচশো টাকা মাইনে হতো,
দুবেলা তার মাসকাবার!
বিধি যদি সদয় হতো,
মনের বাঞ্ছা পূর্ণ হতো,
আর ছ'টা বার ঘুচে যেতো
রোজই হতো রবিবার!



উজ্জ্বল জ্যোতিষ্কের জন্য অশ্রু মোচন করিতে লজ্জা বোধ করি। তিনি অকৃতদার থাকায় মহাপ্রয়াণের সঙ্গে সঙ্গে ক্ষুধাতুর লেণ্ডী গেণ্ডী রাখিয়া গিয়া বঙ্গমাতাকে দায়িত্বের ভার দিয়া যান নাই। তাঁহার রচিত অমূল্য গ্রন্থাবলী তাঁহাকে বাঙালীর আপন জন করিয়া রাখিবে। আমরা তাঁহার আত্মার উদ্দেশে নিবেদন করি—বয়ং পশ্চাৎ গমিষ্যামঃ গতিহের্ষা সুদারুণা। চিরহাস্যবদন বুড়োদের সত্যেন ভায়া, ছোটদের সত্যেন দা' অমরধামে নিত্যানন্দ ভোগ করুন।

---

## মধ্যস্বত্বাধিকারীদের রিটার্ণ দাখিলের সময়

১লা নভেম্বর পর্য্যন্ত বর্দ্ধিত

কিছু মধ্যস্বত্বাধিকারীর ১৯৫৪ সালের ১৫ই অক্টোবরের ভিতর রিটার্ণ দাখিল করিতে অসুবিধা হইবে বলিয়া সরকারের নিকট উপরোধ করা হইয়াছে। সরকার সেইজন্য বন্যাপ্লাবিত মালদহ, পশ্চিম দিনাজপুর, কোচবিহার ও জলপাইগুড়ি জেলা ছাড়া অন্যান্য জেলার সমাহর্ত্তাদিগকে নির্দ্দেশ দিয়াছেন যে, তাঁহারা রিটার্ণ দাখিলের মেয়াদ ১৯৫৪ সালের ১লা নভেম্বর পর্য্যন্ত বর্দ্ধিত করিতে পারেন। ভবিষ্যতে আর মেয়াদ বাড়ান হইবে না।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ৮ই নভেম্বর ১৯৫৪

১৯৫৪ সালের ডিক্রীজারী

১০ অন্য ডিঃ প্রদ্যোতকুমার দাস ওরফে প্রদ্যোতকুমার রায় দিং দেং রমণীরঞ্জন দাস দিং দাবি ৪৫/৬ থানা সুতি মৌজে রঘুনাথগঞ্জ ১৪ শতকের কাত ১১৸/০ আঃ ৪৫৲ খং ৫৯০ দখলকার স্বত্ব।

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৫ই নভেম্বর ১৯৫৪

১৯৫৪ সালের ডিক্রীজারী

১১৭ খাং ডিঃ হরেন্দ্রনারায়ণ চৌধুরী দিং দেং বিনয়কৃষ্ণ মুখোপাধ্যায় দিং দাবি ২০৯ থানা সাগরদীঘি মৌজে কিঃ নিম্পিবিরল ৪-৭৫ শতকের কাত ১৩৸৶৫ আঃ ৫ খং ২৫২।১৪৭ রায়ত স্থিতিবান।

১১৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৬৲ মৌজাদি ঐ ১৮-৫৪ শতকের কাত ৩৷১০ আঃ ১০৲ খং ৭৪ রায়ত স্থিতিবান।

১৫০ খাং ডিঃ ঐ দেং আবেদালী মোল্লা দিং দাবি ২০৷৶৩ মৌজাদি ঐ ২-৫৪ শতকের সেস ।৶৩ আঃ ৫৲ খং ৫৪ মধ্যস্বত্ব চিরস্থায়ী নিষ্কর।

১৫১ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২৷/৩ মৌজাদি ঐ ২৬ শতকের সেস ৶৩ নিজাংশে ৵৩ আঃ ২৲ খং ৫৫ ঐ স্বত্ব।

৩ মগেজ ডিঃ জানমহম্মদ বিশ্বাস দেং রিয়াজুদ্দিন বিশ্বাস দাবি ৫২৮৻৬ থানা সুতী মৌজে নুরপুর নারায়ণপুর ২/১ বিঘার কাত ২।/০ আঃ ২৫৲ খং ৭৫ ভুক্ত রায়ত স্থিতিবান। ২নং লাট ঐ মধ্যে ১৬৩।৪৸ বিঘার কাত ৪৯৷৵৬ দেন্দারের ½ অংশ ৪/ বিঘার কাত পড়তামত ১৸০ আঃ ৫০৲ খং ২৬৯ ভুক্ত রায়ত স্থিতিবান।

সি. কে. সেনের আর একটি

অনবদ্য সৃষ্টি

পুষ্পগন্ধে সুরভিত

## ক্যাস্টর অয়েল

বিকশিত কুসুমের স্নিগ্ধ
গন্ধসারে সুবাসিত এই
পরিস্রুত ক্যাস্টর
অয়েল কেশের
সৌন্দর্য্য বর্ধনে
অনুপম।

সি. কে. সেন অ্যাণ্ড কোং লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা ১২



## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৫৭২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সুতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৹ টাকা ও মাশুলাদি ১৵৹ এক টাকা এক আনা।

সোল এজেন্ট ঃ—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত